দৈনিক সংবাদ

তারিখ MAY 5 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

92

## "নট্রামসের প্রশিক্ষণ উপকরণাদি উন্নয়ন"

# প্রকল্প অনুমোদনের আগেই কেনাকাটা

(নিজস্ব বার্তা পরিবেশক)

বগুড়া, ৪ঠা মে।- "নট্রামস-এর প্রশিক্ষণ উপকরণাদি উন্নয়ন" প্রকল্প অনুমোদন হওয়ার আগেই দরপত্র আহ্বান করা হয়েছে, শুধু তাই নয় কেনাকাটাও শুরু করা হয়েছে।

নিজেকে প্রকল্প পরিচালক ঘোষণা দিয়ে নট্রামস পরিচালক মোঃ আবদুল মান্নান সরকার গত ১২ই জুলাই স্থানীয় দৈনিক "করতোয়া" পত্রিকায় যে দরপত্র বিজ্ঞপ্তি দিয়েছেন তা পরে বাতিল করা হলেও সরকারি বিধিলংঘন করে ইতোমধ্যে কেনা হয়েছে বেশ কয়েকটি কম্পিউটার।

সরকারি শিক্ষা প্রতিষ্ঠান "জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি" সংক্ষেপে যা নট্রামস বলে পরিচিত সেখানে এখন ছাত্র-ছাত্রী ভর্তি এবং লেখাপড়া বন্ধ রয়েছে। কিন্তু তা সত্ত্বেও প্রায় পৌনে ২ কোটি টাকার প্রস্তাবিত ঐ প্রকল্পটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাজ করছেন পরিকল্পনা মন্ত্রণালয়ে শিক্ষা উইং-এর একজন কর্মকর্তা।

শিক্ষা সচিবের কাছে চলতি বছরের ১লা মার্চ বগুড়া শহরের কাটনারপাড়া এলাকার মোঃ খায়রুল বাসার লিখিত যে অভিযোগ করেছেন তাতে বলা হয়েছে, এর আগে নট্রামস পরিচালক আবদুল মান্নান সরকার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবসায় ব্যবস্থাপনা প্রকল্পের প্রায় ৪ কোটি ৫৭ লাখ ৬০ হাজার টাকা বিধিবহির্ভূতভাবে ব্যয় করেছেন। শুধু তাই নয় ঐ প্রকল্পটি অনুমোদন হওয়ার আগেই তিনি ২ কোটি টাকা জেলা হিসাবরক্ষণ অফিস থেকে নিজের হিসেবে নিয়ে ইচ্ছামতো করে খরচ করেছেন। এর ধরনের অভিযোগ তদন্তে প্রমাণ হওয়ায় ঐ প্রকল্পের পরিচালকের দায়িত্ব থেকে তাকে অব্যাহতি দেয়া হয়। এখন শিক্ষা মন্ত্রণালয়ের অতি উৎসাহী কিছু কর্মকর্তা তাকে আবার প্রস্তাবিত "নট্রামস-এর প্রশিক্ষণ উপকরণাদি উন্নয়ন" প্রকল্পে পরিচালকের দায়িত্ব দেয়ার চেষ্টা করছেন। ঐ প্রকল্পের আওতায় ইতোমধ্যেই "প্রাইম কম্পিউটার" নামে একটি প্রতিষ্ঠান থেকে বেশ কয়েকটি কম্পিউটার কেনা হয়েছে এবং ঐ প্রতিষ্ঠানকে জনতা ব্যাংক ফুলদিঘি শাখা থেকে ১ লাখ টাকাও পরিশোধ করা হয়েছে।

গত রোববার টেলিফোনে যুগ্ম প্রধান (পরিকল্পনা) আবুল খায়েরের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, প্রকল্পটি চূড়ান্ত করা হয়নি। দরপত্র আহ্বান এবং কম্পিউটার কেনার বিষয়টি বিধিবহির্ভূত বলে শিক্ষা মন্ত্রণালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তা বলেছেন।